


বাংলা ২য়
বার্ষিক পরীক্ষা ২০২০
শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব
লেকচার: ৩

শব্দের শ্রেণিবিভাগ বা সংবর্গ:



❖ অতএব শব্দ যখন বিভক্তিয়ুক্ত হয়ে বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে শব্দের **শ্রেণিবিভাগ বা সংবর্গ** বলে।

সংবর্গ বা শব্দের শ্রেণিবিভাগ **পাঁচ** প্রকার। যেমন:

- বিশেষ্য
- বিশেষণ
- সর্বনাম
- অব্যয়
- ক্রিয়া

বিশেষ্য:

এখন গ্রীষ্মকাল। রবিনদের গ্রামে একটি সার্কাস দল এসেছে।
স্কুল মাঠে দলটি কাপড় দিয়ে তাবু গেড়েছে। সার্কাস দলটি সাথে
এনেছে বাঘ বানর মস্ত হাতি।

ব্যক্তি	রবিন
বস্তু	কাপড়
জাতি	বাঘ, মস্ত হাতি, বানর
সমষ্টি	সার্কাস দল
স্থান	স্কুল মাঠ
কাল	গ্রীষ্মকাল

সংজ্ঞা: যে শব্দের মাধ্যমে কোন ব্যক্তি, বস্তু, জাতি, সমষ্টি, স্থান, কাল ইত্যাদি বোঝায় তাকে **বিশেষ্য** বলে।

বিশেষণ:

শিক্ষা সফরে সোনারগাঁও গিয়েছিলাম।
সেখানে দেখলাম বিশাল দিঘি। উঁচু বাঁধানো পুকুর পাড়।
হরেক রকম গাছপালা। পাথর বাঁধানো ঘাট।

বিশেষ্য	বৈশিষ্ট্য
দিঘি	বিশাল
পুকুর পাড়	উঁচু বাঁধানো
গাছপালা	হরেক রকম
ঘাট	পাথর বাঁধানো

সংজ্ঞা: যে শব্দ দ্বারা বিশেষ্য বা অন্য শব্দের বৈশিষ্ট্য নির্দেশ করে, তা হল বিশেষণ।

সর্বনাম:

রিয়া ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। সে রিকশায় করে স্কুলে যায়।
তার ঘনিষ্ঠ বন্ধু হিয়া। তারা বনভোজনে সোনারগাঁও গিয়েছিল।

রিয়া(বিশেষ্য) → সে → তার → তারা (হিয়া ও তার বন্ধু)

সংজ্ঞা: বিশেষ্যের পরিবর্তে যা ব্যবহৃত হয় তাকে সর্বনাম বলে। যেমন: সে, তার, তারা, আপনি, আপনারা, তিনি, তুমি তোমরা ইত্যাদি।

অব্যয়:

১. সাকিব ও সাজিদ দুই ভাই। এখানে ২টি শব্দকে একসঙ্গে প্রকাশ করেছে।
২. আমি এবং তুমি মিলে সেখানে যাব। এখানে ২টি শব্দকে একসঙ্গে প্রকাশ করেছে।
৩. ডাক্তার এলো এবং রোগীটি মারা গেল। এখানে ২টি ভাবকে একসঙ্গে প্রকাশ করা হয়েছে।
৪. শিশুটি পড়ে গিয়েছে তাই কান্না করছে। এখানে ২টি ভাবকে একসঙ্গে প্রকাশ করা হয়েছে।
৫. রোগীর জ্ঞান ফেরেনি সুতরাং ডাক্তার কিছুই বলতে পারছেন। এখানে ২টি ভাবকে একসঙ্গে প্রকাশ করা হয়েছে।

সংজ্ঞা: দুটি শব্দ বা ভাবকে একসঙ্গে প্রকাশের জন্য আমরা যা ব্যবহার করি (ও, তাই, সুতরাং, এবং, আর, তথা, অতএব, ইত্যাদি) ব্যবহার করি তাই অব্যয়।

ক্রিয়া:

সংজ্ঞা: বাক্যের যে শব্দ দ্বারা কোন কিছু করা ঘটা, হওয়া বোঝায় তাকে ক্রিয়া বলে।

১. আমি বই পড়ি। এখানে অর্থ সম্পূর্ণ প্রকাশ পেয়েছে।
২. বালকেরা মাঠে নামলো। এখানে অর্থ সম্পূর্ণ প্রকাশ পেয়েছে।
৩. তারা ক্রিকেট খেলছে। এখানে অর্থ সম্পূর্ণ প্রকাশ পেয়েছে।

৪. লোকটি এই কথা **শুনে**.....কিন্তু এখানে অর্থ সম্পূর্ণ প্রকাশ পায়নি। এখানে (**শুনে**) কী করবে তা নির্দিষ্ট করা নাই।
৫. শাওন ভাত **খেয়ে**..... কিন্তু এখানে অর্থ সম্পূর্ণ প্রকাশ পায়নি। এখানে (**খেয়ে**) কী করবে তা নির্দিষ্ট করে প্রকাশ পায়নি।
৬. সে পায়ে **হেঁটে**..... কিন্তু এখানে অর্থ সম্পূর্ণ প্রকাশ পায়নি। এখানে (**হেঁটে**) কোথায় যাবে তা নির্দিষ্ট করে প্রকাশ পায়নি।

উপরের উদাহরণের দ্বারা দেখতে পাই যে ক্রিয়া দুই প্রকার:

১. সমাপিকা ক্রিয়া
২. অসমাপিকা ক্রিয়া

সমাপিকা ক্রিয়া: যে ক্রিয়া দ্বারা বাক্যের বক্তার মনোভাব স্পষ্ট বোঝায় সেই ক্রিয়া কে সমাপিকা ক্রিয়া বলে।

যেমন: ১,২,৩ নম্বর উদাহরণ

অসমাপিকা ক্রিয়া: যে ক্রিয়া দ্বারা বাক্যের বক্তার মনোভাব স্পষ্ট বোঝায় না বা অসমাপ্ত রয়েছে বোঝায় সেই ক্রিয়া কে অসমাপিকা ক্রিয়া বলে। **যেমন: ৩,৪,৫ নম্বর উদাহরণ**

শব্দের শ্রেণি বা সংবর্গ পরিবর্তন:

শব্দের শ্রেণি দুই ভাবে পরিবর্তন করা হয়।

- **বিশেষ্য থেকে বিশেষণ:** বিশেষ্য শব্দের শেষে প্রত্যয় যোগ করে বিশেষণ শব্দ গঠন করা হয়।

বিশেষ্য	→	বিশেষণ
জল	→	জলা (জল + আ)
দিন	→	দৈনিক (দি + ইক)
মাটি	→	মেটে (মাটি + এ)
ঢাকা	→	ঢাকাই (ঢাকা + আই)
নিচ	→	নিচু (নিচ + উ)
আকাশ	→	আকাশি (আকাশ + ই)
মেঘ	→	মেঘলা (মেঘ + লা)

- **বিশেষণ থেকে বিশেষ্য:** যে ভাষিক উপাদানটির সাহায্যে বিশেষ্য থেকে বিশেষণ শব্দে পরিবর্তন করা হয় বিশেষণ শব্দ থেকে সে ভাষিক উপাদানটি বিচ্ছিন্ন করলেই বিশেষ্য শব্দ পাওয়া যায়।


বিশেষণ	→	বিশেষ্য
মিঠাই (মিঠা + আই)	→	মিঠা
চালাকি (চালাক + ই)	→	চালাকি
লালিমা (লাল + ইমা)	→	লাল
নীলিমা (নীল + ইমা)	→	নীল
ঢাকাই (ঢাকা + আই)	→	ঢাকা

Self Test

- ১) শব্দ কাকে বলে?
- ২) শব্দের শ্রেণি বা সংবর্গ কাকে বলে?
- ৩) শব্দের সংবর্গ কত প্রকার ও কী কী?
- ৪) ক্রিয়া কত প্রকার ও কী কী?
- ৫) বিশেষ্য শব্দের শেষে কী যোগ করলে বিশেষণ পাওয়া যায়?
- ৬) বিশেষ্যের পরিবর্তে যা ব্যবহৃত হয় তাকে কী বলে?
- ৭) অব্যয় বলতে কী বুঝে? কয়েকটি অব্যয়ের নাম লিখ।
- ৮) অব্যয়ের কাজ কী?
- ৯) দশটি বিশেষণ শব্দের তালিকা তৈরি কর।
- ১০) বিশেষণ কী প্রকাশ করে?
- ১১) ৬টি বিশেষ্য শব্দের তালিকা তৈরি কর ও শব্দ ব্যবহার করে একটি অনুচ্ছেদ লিখ।
- ১২) সমাপিকা ক্রিয়া ও অসমাপিকা ক্রিয়া কাকে বলে? উদাহরণ দাও।
- ১৩) বিশেষ্য কাকে বলে?
- ১৪) নিচের লেখাটি পড় এবং অব্যয় শব্দ খুঁজে বের করে লিখ:

এক ছিল চাষি আর তার বৌ। তাদের জীবনে ধন কিংবা রত্ন ছিল না, কিন্তু ছিল অনেক সুখ ও শান্তি। তারা এক বেলা খেত আর এক বেলা না খেয়ে থাকত। তারা তাতে কষ্ট পেত না, বরং ধৈর্য ধরে থাকত। লোকে বলত, বাহ! কী চমৎকার ওদের জীবন।

- ১৫) শব্দের শ্রেণি পরিবর্তন বলতে কী বুঝে?



শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব

বচন

- ❖ **সংজ্ঞা:** বাক্যের অন্তর্গত যে শব্দের রূপ দ্বারা ব্যক্তি, প্রাণী, বস্তু প্রভৃতির সংখ্যা এক, না তার বেশি সে ধারণা প্রকাশ পায়, তাকে বচন বলে। বচন শুধু বিশেষ্য ও সর্বনাম শব্দেরই হয়।
- ❖ বাংলা ভাষায় বিশেষ্য ও সর্বনামের সংখ্যাগত দু-ধরনের ধারণা পাওয়া যায়।

- একটির ধারণা
- একাধিকের ধারণা

বচন দুই প্রকার। যথা:

- একবচন
- বহুবচন

পক্ষ বা পুরুষ

সংজ্ঞা: পক্ষ বা পুরুষ বলতে আমি, তুমি, সে এ তিন শ্রেণির সর্বনাম ও নামবাচক শব্দকে বোঝায়।

পক্ষ তিন প্রকার। যথা:

- বক্তাপক্ষ (উত্তম পুরুষ)
- শ্রোতা পক্ষ (মধ্যম পুরুষ)
- অন্য পক্ষ (নাম পুরুষ)

Self Test

- শুধু কিসের মাধ্যমে বচন হয়?
ক) কারক ও বিভক্তির মাধ্যমে
খ) বিশেষ্য ও সর্বনাম পদের মাধ্যমে
গ) ক্রিয়া ও অব্যয়ের মাধ্যমে
ঘ) অন্য কোনো পদের মাধ্যমে
- বাংলা ভাষায় বচন প্রধানত—
ক) দুই প্রকার
খ) তিন প্রকার
গ) চার প্রকার
ঘ) পাঁচ প্রকার
- কলমগুলো টেবিলের ওপর রাখা আছে। এ বাক্যটি কোন বচনে?
ক) একবচনে
খ) বহুবচনে
গ) বিশেষ্য বচনে
ঘ) দ্বিত্ব বচনে
- বিশেষ্য শব্দের দ্বিত্ব করে বহুবচন নিচের কোনটি?
ক) সারি সারি গাছ
খ) বনে বনে ফুল

- গ) যে যে বই
৫. শ্রোতাপক্ষ কোনটি?
- ক) আমি
- খ) তুমি
৬. পক্ষ বা পুরুষ কত প্রকার?
- ক) ২ প্রকার
- খ) ৩ প্রকার
৭. শ্রোতা পক্ষ বলতে বোঝায়?
- ক) যে সম্বোধন করে
- খ) যাদের সম্বোধন করে
৮. নাম পুরুষের অপর নাম কী?
- ক) উত্তম পুরুষ
- খ) মধ্যম পুরুষ
৯. 'লাল লাল ফুল' এখানে কোন কোন শব্দ যোগে বহুবচন করা হয়েছে?
- ক) বিশেষ্য ও বিশেষণ
- খ) বিশেষণ ও বিশেষণ
১০. কোনটি বিশেষ্য শব্দের একবচনরূপে ব্যবহৃত হয়েছে?
- ক) বাগানে ফুল ফুটেছে
- খ) মানুষ মরণশীল
- ঘ) বড় বড় ইলিশ
- গ) সে
- ঘ) তারা
- গ) ৬ প্রকার
- ঘ) ৫ প্রকার
- গ) উভয়কে সম্বোধন করে
- ঘ) কাউকে সম্বোধন করে না
- গ) প্রথম পুরুষ
- ঘ) বক্তাপক্ষ
- গ) বিশেষণ ও সর্বনাম
- ঘ) বিশেষ্য ও সর্বনাম
- গ) আকাশে তাঁরা উঠেছে
- ঘ) বনে বাঘ আছে

উত্তর:

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
খ	ক	খ	খ	খ	খ	খ	গ	খ	ক

সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও:

- ১) রূপতত্ত্বে কোন কোন বিষয় নিয়ে আলোচনা করা হয়?
- ২) শব্দ কাকে বলে?
- ৩) শব্দ গঠনের উপাদানগুলো কী কী?
- ৪) বিভক্তি কাকে বলে?
- ৫) উপসর্গ কাকে বলে?
- ৬) সমাস কাকে বলে?
- ৭) সংবর্গ কাকে বলে?
- ৮) 'কালের অভাব = আকাল' এখানে কোন প্রক্রিয়ায় শব্দ গঠন করা হয়েছে?
- ৯) তদ্ধিত প্রত্যয় কিসের পরে বসে?
- ১০) শিশু শব্দটি কোন লিঙ্গ?
- ১১) 'রাষ্ট্রপতি' কোন লিঙ্গ?
- ১২) প্রত্যয় কাকে বলে?
- ১৩) 'ছাত্রদের মনোযোগ দিয়ে শিক্ষকদের কথা শুনতে হয়'। এখানে ছাত্রদের ও শিক্ষকদের শব্দ দুটি কোন প্রক্রিয়ায় গঠিত হয়েছে?
- ১৪) ক্রিয়া কত প্রকার ও কী কী?
- ১৫) উত্তম পুরুষ কাকে বলে?